যুগান্তর

তারিখ ...12 FEB 2016...
পৃষ্ঠা ...২০... কলাম ...৬...

# গাজীপুর মহানগর জাতীয় ছাত্রসমাজের সম্মেলন

গাজীপুর প্রতিনিধি

গাজীপুর মহানগর ছাত্রসমাজের সম্মেলন বৃহস্পতিবার দুপুরে গাজীপুর মহানগরীর স্থানীয় একটি কমিউনিটি সেন্টারে এ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সম্মেলন উদ্বোধন করেন জাতীয় ছাত্রসমাজের কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভাপতি সৈয়দ ইফতেকার আহস্যান হাসান।

জাতীয় ছাত্রসমাজে গাজীপুর মহানগর শাখা আহ্বায়ক ইয়াজ উদ্দিন সরকারের সভাপতিত্ব সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় পার্টির ভাইস চেয়ারম্যান ও গাজীপুর মহানগর জাতীয় পার্টির আহ্বায়ক মুক্তিযোদ্ধা আবদুস সাত্তার মিয়া। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় পার্টি কেন্দ্রীয় কমিটির যুগ্ম-মহাসচবি আরিফুল রহমান খান, নূরুল ইসলাম নূরু, গাজীপুর মহানগর জাতীয় পার্টির সদস্য সচিব জয়নাল আবেদীন আর্মি। প্রধান বক্তা ছিলেন জাতীয় ছাত্রসমাজ কেন্দ্রীয় নির্বাহী কমিটির সাধারণ সম্পাদক মিজানুর রহমান মিরু, বিশেষ বক্তা হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় ছাত্র সমাজের কেন্দ্রীয় নির্বাহী কমিটির সহ-সভাপতি মোশারফ হোসেন, হাসান সারোয়ার সুজন, মহানগর যুবসংহতির সভাপতি জাকির হোসেন, জেলা যুব সংহতির সভাপতি শাহজাহান মোল্লা, জাতীয় পার্টি নেতা শরিফুল ইসলাম শরিফ, বজলুর রহমান, ইসমাইল হোসেন, আবুল হোসেন, আব্বাস আলী মণ্ডল, ফারুক হোসেন জয়নাল, মজিদ সরকার, জহিরুল ইসলাম সরকার, ফয়সাল রানা, মোশারফ, মহসিন, সাইফুল্লাহ প্রমুখ।